ফোন ঃ

অফিস ঃ ৯৫৫০৩৫৩

<u>গোপনীয়</u>

<u>রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)</u>

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর
আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১৯/১০/১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নং-২৫-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯ তারিখ ঃ ----------------------

০২/০২/২০২০খ্রিস্টাব্দ

জনাব মোয়াজ্জিম হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
কুমিল্লা পানি বিজ্ঞান বিভাগ
বাপাউবো, কুমিল্লা।

জনাব মোয়াজ্জিম হোসেন
পিতাঃ মোস্তফা ভূএ্রা
গ্রামঃ উলুকান্দি, পোঃ বড় গাজীপুর
থানাঃ তিতাস, জেলাঃ কুমিল্লা।

**<u>বিষয় ঃ চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসংগে।</u>**

রেকর্ড দৃষ্টে দেখা যায় যে, আপনি জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা অস্ট্রেলিয়ায় TLC & B Global pty-Ltd. কোম্পনিতে Assistant Project Engineer হিসেবে লিয়েনে চাকুরী করার নিমিত্ত নিয়োগপত্র পাওয়ার প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০৩১.০০.০০.০৫১.২০১১-১৮৩ তারিখঃ ১৯/০৩/২০১৪ খ্রিঃ মোতাবেক দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, কুমিল্লার স্মারক নং-পি-৪১৫/৫৫১(১০) তারিখঃ ৩১/০৩/২০১৪ খ্রিঃ (অপরাহ্নে) মাধ্যমে আপনাকে অব্যাহতি প্রদান করা হয়। সে অনুযায়ী ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখে দেশে ফিরে আপনার চাকুরীতে যোগদান করার কথা থাকলেও আপনি অদ্যাবধি যোগদান করেননি এমনকি আপনার দপ্তরের সাথে আপনি কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে Government Order (G.O) এর (J) নং শর্ত ভঙ্গ করে আপনি ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ হতে সুদীর্ঘ সময় বোর্ডের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা বোর্ডের স্বার্থের পরিপন্থি ও দাপ্তরিক কাজে অবহেলার পরিচয় বহন করে।

২। যেহেতু আপনি জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা সরকারী আদেশের (G.O.) শর্ত ও কার্যঅব্যাহতি আদেশের নির্দেশনা অনুযায়ী ৩০-০৩-২০১৭ খ্রিঃ তারিখে দেশে ফিরে আপনার চাকুরীতে যোগদান করার কথা থাকলেও আপনি উক্ত আদেশ অমান্য করে অদ্যাবধি কাজে যোগদান করেননি। এ বিষয়ে আপনি লিয়েন বর্দ্ধিত করনের জন্য কোন আবেদন করেননি এবং বোর্ডের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি। সরকারী আদেশের (G.O.) এর (J) নং শর্ত ভঙ্গ করে আপনি অদ্যাবধি অনুনমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

৩। যেহেতু আপনি জনাব মোয়াজ্জিম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), কুমিল্লা পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, কুমিল্লা উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে আপনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৪। অতত্রব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৭৮-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯ তারিখঃ ২৮/০৪/২০১৯ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার অফিসের ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক অনেকদিন ধরে অফিসে অনুপস্থিত থাকায় পত্রখানা ফেরৎ দেওয়া হল" এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক বিদেশ থাকায় ফেরত" মন্তব্য সহ অত্র দপ্তরে ফেরত আসে। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৬১/পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৩/২০১৯ তারিখঃ ১৭/০৭/২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

অঃ পৃঃ দ্রঃ

৫। এক্ষণে যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে সরকারী আদেশ (G.O.) এর শর্ত নং (J) এবং কার্যঅব্যাহতি আদেশের শর্তানুযায়ী ৩০-০৩-২০১৭ তারিখের মধ্যে দেশে ফিরে স্বীয় কাজে যোগদান করার শর্ত থাকলেও আপনি উক্ত শর্ত ভঙ্গ করে অদ্যাবধি স্বীয় কাজে যোগদান করেননি যা পলায়নের সামীল হওয়ায় এবং অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৬। অতএব কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার বিরুদ্ধে সরকারী আদেশ (G.O.) এর শর্ত নং (J) এবং কার্যঅব্যাহতি আদেশের শর্তানুযায়ী ৩০-০৩-২০১৭ তারিখের মধ্যে দেশে ফিরে স্বীয় কাজে যোগদান করার শর্ত থাকলেও আপনি উক্ত শর্ত ভঙ্গ করে অদ্যাবধি স্বীয় কাজে যোগদান করেননি যা পলায়নের সামীল হওয়ায় এবং অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় আপনার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি ঃ ১। তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-৩১(একত্রিশ) পাতা।

02/02/2020

(ফেরদৌসি বেগম)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১
টেলিফোন নম্বর ঃ ৯৫৫০৩৫৩
Dir.discipline.bwdb@gmail.com

অনুলিপিঃ
১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, কুমিল্লা।
৪। সিস্টেম এনালিস্ট চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটিসেল, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশখানা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ২২৩ ◆ তারিখঃ 8/2/20
প্রোগ্রামার ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

E:\Eva Pradhan\order.s-3\Comilla.doc79